মুজিবনগরে ইউপি মেম্বারের ঘুষিতে জখম আরেক ইউপি মেম্বার

মেহেরপুরের মুজিবনগর ◌ুউপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদে সদস্যদের নিয়ে মিটিং চলাকালে পরিষদের ৭ নম্বর ওয়ার্ড সদস্য (মেম্বার) ওমর ফারুকের ঘুষিতে ৫ নম্বর ওয়ার্ড সদস্য (মেম্বার) আব্দুর রকিব রক্তাক্ত জখম হয়েছে।

মেম্বার ওমর ফারুকের আঘাতে আব্দুর রকিবের নাকের হাড় ভেঙে যায় এবং কিছুদিন আগে বাম চোখে লাগানোর লেন্স ভেঙে বাম চোখ রক্তাক্ত যখন হয়।

রবিবার বেলা ১২ টার দিকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের রুমে মিটিং চলা কালিন এ ঘটনা ঘটে।

রক্তাত্ব অবস্থায় আব্দুর রকিব কে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায় সহকর্মী সহ তার আত্মীয়-স্বজনরা। স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তার আঘাত গুরুতর হওয়ায় তাকে মেহেরপুর সদর হাসপাতালে রেফার করেন।

উপস্থিত অন্যান্য ইউপি সদস্যরা জানান, আকস্মিক ঘুষি দিয়েই পালিয়ে যায় অভিযুক্ত মেম্বর ওমর ফারুক।

জানা গেছে, বাগোয়ান ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও ইউপি সদস্যরা (ওয়ার্ড মেম্বর) পরিষদের বরাদ্দকৃত টিআর, কাবিখা বন্টন নিয়ে আলোচনা করছিলেন। এ সময় ০৮ নম্বর ওয়ার্ডের মেম্বার রিপন হোসেনের সাথে বন্টন নিয়ে কথা বলার সময় হঠাৎ ভাগ বন্টন নিয়ে তোর এত মাথাব্যথা কেন বলে অযাচিত ভাবে সবার সামনে ০৭ নম্বর ওয়ার্ডের মেম্বার ওমর আলী অতর্কিত আঘাত করে। এতে আব্দুর রকিব মেম্বরের নাক ফেটে রক্ত বের হতে তাকে। দ্রুত তাকে নেওয়া হয় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমেপ্লক্সে। খবর পেয়ে মুজিবনগর থানা পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেছে। চোখ ও নাকে আঘাত গুরুতর হওয়ায় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স তাকে রেফার করে।

এ বিষয়ে ইউপি সদস্য আব্দুর রকিবের সাথে কথা বলে জানা গেছে ওমর মেম্বারের এর সাথে কোনরূপ কোন তর্ক বা বিতর্ক হয়নি হঠাৎ এসে এই

আক্রমণ করেছে তার ওপর। হাতে থাকা মোবাইল ফোন ও প্যান্টের পকেটে থাকা প্রায় ৮ হাজার টাকা কেড়ে নেয়।
বিরোধের বিষয়ে বাগোয়ান ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সোহরাব হোসেন জানান, সবার সামনেই ঘটনাটি ঘটেছে যা খুবই দুঃখজনক। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করা হয়েছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন সরকারি মিটিং চলাকালীন সময়ে এই ঘটনায় ওমর মেম্বার এর বিরুদ্ধে তদন্তপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) জাকির হোসেন জানান, ঘটনাটি শোনার পরে সেখানে পুলিশ পাঠানো হয়েছিল। পরিস্থিতি এখন স্বাভাবিক আছে। এ বিষয়ে থানায় কেউ কোন অভিযোগ দেয়নি অভিযোগ পেলে আইন অনুযায়ী ব্যাবস্হা গ্রহন করা হবে।

ঝিনাইদহের মধুহাটী ইউপিতে উন্মুক্ত বাজেট ঘোষণা

ঝিনাইদহ সদরের ২নং মধুহাটী ইউনিয়ন পরিষদে ২০২৫-২৬ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। গত বুধবার দুপুরে ইউনিয়ন পরিষদের সভাকক্ষে এ বাজেট সভা অনুষ্ঠিত হয়।

সভায় ২০২৫-২৬ অর্থবছরের চূড়ান্ত বাজেট প্রস্তাব উপস্থাপন, আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সভাপতিত্ব করেন মধুহাটী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলতাফ হোসেন বিশ্বাস ।

এ সময় উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকতা মো. ছাব্দার আলী, প্যানেল চেয়ারম্যান আয়ুব হোসেন, ইউপি সদস্য আব্দুল মজিদ, মিলন মিয়া, নাজমা খাতুন, ছাবিনা ইয়াসমিন, আশিক ইকবাল, জিয়াউর রহমান, আসাদুল ইসলাম, রবিউল ইসলাম, আলাউদ্দীনসহ এলাকার বিভিন্ন পেশাজীবী ও সুশীল সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ।

ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা ছাব্দার আলী বাজেট

উপস্থাপনকালে জানান, ২০২৫-২৬ অর্থবছরের জন্য রাজস্ব ও উন্নয়ন বাজেট মিলে ইউনিয়ন পরিষদের মোট আয়-ব্যয় নির্ধারণ করা হয়েছে ১,৩৮,৯৫,৮০৬/= (এক কোটি আটত্রিশ লক্ষ পঁচানব্বই হাজার আটশ ছয় টাকা মাত্র)। বাজেট আইন-২০০৯ অনুযায়ী ইউনিয়নের ট্যাক্স, টোল, ট্রেড লাইসেন্স, পারমিট এবং ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত, প্রমোদমূলক কার্যক্রম থেকে আয় বিবেচনা করা হয়েছে। তবে কোন ব্যক্তির অতিরিক্ত কর ধার্য্য করা হয়নি।

সভাপতির বক্তব্যে চেয়ারম্যান আলতাফ হোসেন বিশ্বাস বলেন, “আমি এবং আমার ইউপি সদস্যবৃন্দ আপনাদের সেবক হিসেবে আগামী ৫ বছরের জন্য দায়িত্ব নিয়েছি। আপনাদের কাছে আমার অনুরোধ, ইউনিয়নের সার্বিক উন্নয়ন কার্যক্রমে আপনারা আমাদের সহযোগিতা করবেন এবং পাশে থাকবেন।” বক্তব্য শেষে তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

ঝিনাইদহের গান্না ইউপিতে উন্মুক্ত বাজেট ঘোষণা

ঝিনাইদহ সদও উপজেলার ৬নং গান্না ইউনিয়ন পরিষদে ২০২৫-২৬ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। বুধবার দুপুরে ইউনিয়ন পরিষদের সভাকক্ষে এ বাজেট সভা অনুষ্ঠিত হয়।

সভায় ২০২৫-২৬ অর্থবছরের চূড়ান্ত বাজেট প্রস্তাব উপস্থাপন, আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সভাপতিত্ব করেন গান্না ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আতিকুল হাসান মাসুম ।

এ সময় উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকতা নাসির উদ্দীন, প্যানেল চেয়ারম্যান ছাব্দার আলী, এছাড়া ইউপি নারী সদস্য ছালমা খাতুন, ফাতেমা খাতুন, নার্গিস খাতুন, ইউপি সদস্য শাহাবুদ্দীন,আব্দুল মমিন, সোহাগ রহমানসহ এলাকার বিভিন্ন শ্রেনী ও সুশীল সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ।

ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা নাসির উদ্দীন বাজেট

উপস্থাপনকালে জানান, ২০২৫-২৬ অর্থবছরের জন্য নতুন কোন করারোপ ছাড়াই রাজস্ব ও উন্নয়ন বাজেট মিলে ইউনিয়ন পরিষদের মোট আয়-ব্যয় নির্ধারণ করা হয়েছে ১,০৮,৯৬,৩২৫/=টাকা (এক কোটি আট লক্ষ ছিয়ান্নই হাজার তিনশ পঁচিশ টাকা মাত্র)। বাজেট আইন-২০০৯ অনুযায়ী ইউনিয়নের ট্যাক্স, টোল, ট্রেড লাইসেন্স, পারমিট এবং ব্যবসা- বাণিজ্য সংক্রান্ত, প্রমোদমূলক কার্যক্রম থেকে আয় বিবেচনা করা হয়েছে।

সভাপতির বক্তব্যে চেয়ারম্যান আতিকুল হাসান মাসুম বলেন, “আমি এবং আমার ইউপি সদস্যবৃন্দ আপনাদের সেবক হিসেবে আগামী ৫ বছরের জন্য দায়িত্ব নিয়েছি। আপনাদের কাছে আমার অনুরোধ, ইউনিয়নের সার্বিক উন্নয়ন কার্যক্রমে আপনারা আমাদের সহযোগিতা করবেন এবং পাশে থাকবেন।” বক্তব্য শেষে তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে বাজেট অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

গাংনীর কাথুলী ইউপিতে উন্মুক্ত বাজেট ঘোষণা

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে ২০২৫-২৬ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। বুধবার দুপুরে ইউনিয়ন পরিষদের সভাকক্ষে এ বাজেট ঘোষণা সভা অনুষ্ঠিত হয়।

সভায় ২০২৫-২৬ অর্থবছরের চূড়ান্ত বাজেট প্রস্তাব উপস্থাপন, আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সভাপতিত্ব করেন ১নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এ সময় উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের সচিব ইফতেখার আহমেদ, সহকারী সচিব রাজিয়া সুলতানা, ১নং ওয়ার্ড সদস্য বাবুল হোসেন, ২নং ওয়ার্ড সদস্য জিনারুল ইসলাম (গাড়াবাড়ীয়া), ৩নং ওয়ার্ড সদস্য আশরাফুল ইসলাম, ৫নং ওয়ার্ড সদস্য ফারুক হোসেন, ৬নং ওয়ার্ড সদস্য হুসাইন মোহাম্মদ (খাসমহল), ৭নং ওয়ার্ড সদস্য আজমাইন হোসেন (লক্ষীনারায়নপুর ধলা), ৮নং ওয়ার্ড সদস্য কাবের আলী (মাইলমারী), ৯নং ওয়ার্ড সদস্য আনারুল ইসলাম (নওপাড়া), মহিলা ইউপি সদস্যগণ,

ইউনিয়ন ভূমি কর্মকর্তা উজ্জ্বল হোসেন, কৃষি কর্মকর্তা সোহেল রানা, স্বাস্থ্য পরিদর্শক গুলছেতারা খাতুন, শিক্ষক রুহুল আমিন মাস্টার, সমাজসেবক শহিদুল ইসলাম এবং এলাকার বিভিন্ন পেশাজীবী ও সুশীল সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ।

ইউনিয়ন পরিষদের সচিব ইফতেখার আহমেদ বাজেট উপস্থাপনকালে জানান, ২০২৫-২৬ অর্থবছরের জন্য ইউনিয়ন পরিষদের মোট আয়-ব্যয় নির্ধারণ করা হয়েছে ১,৭৯,০৫,৪৬০ টাকা (এক কোটি উনআশি লক্ষ পাঁচ হাজার চারশ ষাট টাকা মাত্র)। বাজেটে আইন-২০০৯ অনুযায়ী ইউনিয়নের ট্যাক্স, টোল, ট্রেড লাইসেন্স, পারমিট এবং ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত প্রমোদমূলক কার্যক্রম থেকে আয় বিবেচনা করা হয়েছে।

সভাপতির বক্তব্যে চেয়ারম্যান মিজানুর রহমান রানা বলেন, “আমি এবং আমার ইউপি সদস্যবৃন্দ আপনাদের সেবক হিসেবে আগামী ৫ বছরের জন্য দায়িত্ব নিয়েছি। আপনাদের কাছে আমার অনুরোধ, ইউনিয়নের সার্বিক উন্নয়ন কার্যক্রমে সহযোগিতা করে পাশে থাকবেন।”

তিনি আরও বলেন, “আপনাদের সঠিক সেবা নিশ্চিত করা আমাদের দায়িত্ব, তেমনি ইউনিয়নের উন্নয়নমূলক কর্মকাণ্ডে সহযোগিতা করা একজন সচেতন নাগরিক হিসেবে আপনাদের দায়িত্ব। আসুন আমরা সকলে মিলে একটি উন্নত ও স্বনির্ভর ইউনিয়ন গড়ে তুলি।”

সভা শেষে তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

ঝিনাইদহে ইউপি চেয়ারম্যানের ওপর হামলার অভিযোগ

ঝিনাইদহ সদর উপজেলার দোগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম কিবরিয়া কাজলের ওপর দূর্বৃত্তরা হামলা করেছে বলে অভিযোগ উঠেছে। এর পর থেকে কাজল চেয়ারম্যান আর খুজে পাওয়া যাচ্ছে না বলে জানিয়েছেন স্বজনরা।

মঙ্গলবার (১৩ মে) সকাল ১১ টার দিকে ঝিনাইদহ সদর উপজেলা পরিষদের গেটের সামনে এ ঘটনা ঘটে।

গোলাম কিবরিয়া কাজল দোগাছি ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান ও যুবলীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন বলে জানাগেছে। হামলার বিষয়ে জানতে গোলাম কিবরিয়া কাজলের ব্যবহৃত মোবাইল ফোনে কল করলে সেটি বন্ধ পাওয়া যায়।

সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন বলেন, ঘটনাটি শুনেছি। তার খোঁজে পুলিশ কাজ করছে।

ঝিণাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী ঘটনা শুনেছেন বলে নিশ্চিত করে বলেন, আমি সে সময় মিটিং এ ছিলাম। পরে জানতে পারি ওই চেয়ারম্যানের ওপর কে বা কারা হামলা চালিয়েছে। বিষয়টি নিয়ে পুলিশ কাজ করছে।

মেহেরপুরের আমঝুপি ও মহাজনপুর ইউপি নির্বাচনের তফসিল ঘোষণা

আগামী ২৭ জুলাই মেহেরপুর জেলার দুটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও তিনটি ওয়ার্ডের সাধারণ সদস্য পদের উপনির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন।
এগুলো হলো মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন ও মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান পদে এবং সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ওয়ার্ড সদস্য, মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের ওয়ার্ড সদস্য এবং গাংনী উপজেলার কাথুলি ইউনিয়নের ওয়ার্ড সদস্য পদ।
বৃহস্পতিবার (২৭ জুন) মেহেরপুর জেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং কর্মকর্তা মোহাম্মদ ওয়ালীউল্লাহ এই সংক্রান্ত তফশীল ঘোষণা করেন।
ঘোষিত তফসিল অনুযায়ী ৪ জুলাই রিটার্নিং অফিসারের কাছে মনোনয়নপত্র দাখিল, ৫ জুলাই মনোনয়নপত্র বাছাই, ৬ জুলাই মনোনয়নপত্র বাছায়ে রিটার্নিং অফিসারের আদেশের বিরুদ্ধে আপিল, ৯ জুলাই আপিলের নিষ্পত্তি, ১০ জুলাই প্রার্থিতা প্রত্যাহার, ১১

জুলাই প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দে এবং ২৭ জুলাই নির্বাচন অনুষ্ঠিত হবে।
মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি বোরহান উদ্দিন আহমেদ চুন্নুর মৃত্যু জনিত কারণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পদ শূন্য হয়। এছাড়া মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু উপজেলা প্রার্থী হওয়ায় মহাজনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পদটি শূন্য হয়। অপরদিকে সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন, মুজিবনগর উপজেলার মোনাখালী এবং গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের তিনজন সদস্য’র মৃত্যুজনিত কারণে ওয়ার্ডগুলি শূন্য হয়।
এসব পদের নির্বাচন ২৭ জুলাই অনুষ্ঠিত হবে।

খোকসায় ইউপি সদস্য গুলিবিদ্ধ, সাবেক চেয়ারম্যান আটক

কুষ্টিয়ার খোকসা ওসমানপুর ইউনিয়নের ১ নং ওয়ার্ড সদস্য হায়দার আলী (৫০) প্রতিপক্ষের গুলিতে আহত হয়েছেন। গত বুধবার রাত ১১টার দিকে খোকসা থেকে বাড়ি ফেরার পথে ওসমানপুর ইউনিয়নের দেবিনগর পৌঁছালে প্রতিপক্ষের গুলিতে তিনি আহত হন।

পরে পুলিশ পাহারায় তাকে খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া সদরে ভর্তি করা হয়েছে। গুলিবিদ্ধ ইউপি সদস্যের ছেলে ইদ্রিস আলী বাদী হয়ে বৃহস্পতিবার সকালে খোকসা থানায় একটি হত্যা প্রচেষ্টার মামলা করেন।

এ মামলার প্রধান আসামি সাবেক ইউপি চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী কৃষক লীগের সাধারণ সম্পাদক আনিসুর রহমানকে পুলিশ গ্রেফতার করেছে।

আহত ইউপি সদস্য হায়দার আলী জানান, খোকসা উপজেলা আওয়ামী লীগের সন্ত্রাসবিরোধী সমাবেশে অংশ না নেওয়ার জন্য আনিসুর রহমানের লোকজন আগে থেকেই এলাকার সবাইকে নিষেধ করে আসছিলো।

তাদের নিষেধ উপেক্ষা করে লোকজন নিয়ে বুধবার বিকালে তিনি খোকসা হাইস্কুল মাঠে অনুষ্ঠিত জনসভায় যোগ দেন। জনসভা শেষ করে রাত ১০টার দিকে বাড়ি ফেরার পথে দেবিনগরে পৌঁছালে প্রতিপক্ষরা তাকে

লক্ষ্য করে ৮-৯ রাউন্ড গুলি ছোঁড়ে।

এসময় তিনি গুলিবিদ্ধ হয়ে মাটিতে লুটিয়ে পড়েন। তিনি আরো জানান রাতেই হামলাকারীরা তার সমর্থক রশিদ ও রেজাউলের বাড়িতে ভাংচুর ও লুটপাট করেছে।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক সাইদুজ্জামান জানান, হায়দারের পায়ে বন্দুকের গুলির অসংখ্য স্প্লিন্টার ঢুকে আছে, যা অপারেশন ছাড়া বের করা অসম্ভব। তাই তাকে কুষ্টিয়ায় রেফার্ড করা হয়েছে। খোকসা থানার

ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ আশিকুর রহমান জানান, ইউপি সদস্য হায়দার আলীর ছেলে বাদী হয়ে মামলা করেছন। সেই মামলার প্রধান আসামি সাবেক চেয়ারম্যান আনিসুর রহমানকে আটক করা হয়েছে। পরিস্থিতি শান্ত আছে। এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

গাংনীতে ইউপি নির্বাচন বিষয়ে পুলিশ সুপারের ব্রিফিং

মেহেরপুরের গাংনীর ৫টি ইউপি নির্বাচনে সুষ্ঠু ও নিরপেক্ষ ভাবে দায়িত্ব পালনের লক্ষ্যে ব্রিফিং করেছে মেহেরপুরের গাংনী থানা পুলিশ। আজ বুধবার বেলা ১১ টার দিকে গাংনী থানা চত্ত্বরে এ ব্রিফিং অনুষ্ঠিত হয়।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গাংনী থানার ওসি বজলুর রহমান। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, জেলা আনসার ও ভিডিপি কমান্ডার রাকিবুল ইসলাম।

পুলিশ সুপার সকল সদস্যদেরকে সঠিকভাবে দায়িত্ব পালনের ব্যাপারে সজাগ করেন ও দিক নির্দেনা দেন।

উল্লেখ্য, গাংনী উপজেলার কাথুলি, তেতুঁলবাড়িয়া, সাহারবাটি, বামন্দী ও মটমুড়া ইউপি নির্বাচন অনুষ্ঠিত হবে বৃহষ্পতিবার।

রেশন কার্ডের তালিকায় ইউপি সদস্য সোহরাব হোসেনের স্বজন প্রীতি

রেশন কার্ডের তালিকায় স্বজনপ্রীতি করেছেন মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের সোনাপুর ৩ নং ওয়ার্ডের ইউপি সদস্য সোহরাব হোসেন।

যেখানে তার পরিবারে তিন জন ভাইকে রেশন কার্ডের তালিকায় থাকতে দেখা গেছে।

এছাড়া দলীয় বিবেচনায় আরও তিনজন ব্যক্তির নাম দেখা গিয়েছে। যারা সকলেই অবস্থাশালী এবং টাকা পয়সার দিক দিয়ে স্বচ্ছল। কেউ কেউ আবার দীর্ঘদিন যাবত বিদেশ খেটে এসেছে।

কিন্তু দিন আনা দিন খাওয়া গরীবদের কপালে রেশন কার্ডের তালিকায় নাম জোটেনি গ্রামের অনেক অসহায় পরিবারের।

জানা গেছে গত কয়েকদিন আগে রেশন কার্ডের তালিকা তৈরি করা হয় স্থানীয় ইউপি সদস্যদের মাধ্যমে।

আর সেই তালিকায় ইউপি সদস্যর স্বজন ও কিছু দলীয় অবস্থাশালী ব্যক্তিদের নাম দেখা গেছে।

নামের তালিকায় মেম্বারের স্বজনদের ভিতর একজন ভাইয়ের নাম, একজন ভাতিজার নাম ও একজন ভাবির নাম দেখা গেছে। তারা হলেন, মেম্বরের ভাই শাহাবদ্দীন, ভাতিজা কানন হোসেন ও ভাবি রোজিফা খাতুন।

তবে শাহাবদ্দীন, কাননের পিতাঃ জাহানুর ইসলাম ও রোজিফা খাতুনের স্বামী: শওকত আলি, যারা তিন জনই মেম্বরের আপন ভাই।
এছাড়াও রোজিফা খাতুনের স্বামী শওকত এর নামে বয়স্ক ভাতার কার্ড থাকায় তার নামে রেশন কার্ড না দিয়ে কৌশলে তার স্ত্রীর নাম তালিকায় দেওয়া হয়েছে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে। তারা সকলেই আর্থিক দিক দিয়ে স্বচ্ছল ও ৮/১০ বিঘা জমির মালিক।

এদিকে দলীয় ব্যক্তিদের ভিতর অবস্থাশালী মৃতঃ বনমালী খাতুনের ছেলে রবিউল ইসলাম, আনোয়ার হোসেনের ছেলে মতিয়ার রহমান ও বজলুর রহমানসহ কয়েকজনের নাম রয়েছে। যারা সকলেই স্বচ্ছল ব্যক্তি।

খোজ নিয়ে দেখা গেছে, গরীব অসহায় ব্যক্তিদের ভিতর সোনাপুর গ্রামের অনেকের নাম রেশন কার্ডের তালিকায় যুক্ত হয়নি।

গরীবদের ভিতর কয়েকজন হলেন, সোনাপুর বাজারপাড়ার মৃত পরেসের ছেলে আজিল শেখ। আজিল একজন ভিক্ষুক। তারপরেও তার নাম রেশন কার্ডের তালিকায় দেওয়া হয়নি।

অন্যজন হলেন ভাদুর ছেলে জাকের। তিনি ভেড়া চরায়ে সংসার চালায়। ভাদুর নাম রেশন কার্ডের তালিকায় উঠেনি।

এছাড়া কয়েক সপ্তাহ আগে করোনার কারণে কর্মহীন হয়ে পড়া সকল চায়ের দোকানদার, নাপিত ও ভ্যানচালকদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়।

কিন্তু সোনাপুর মাঝপাড়া গ্রামের ইজার আলী চায়ের দোকানী হলেও তাকে চায়ের দোকানদারদের তালিকায় রাখা হয়নি বলে অভিযোগ উঠেছে। ইজারের মা জানায়, আমাদের গ্রামের সকল চায়ের দোকানদারদের মাঝে খাদ্য সামগ্রী দেওয়া হয় কিন্তু আমার ছেলেকে কিছুই দেয়নি। পরে আমার ছেলেকে একটা লোক উপজেলায় ডেকে নিয়ে ১০ কেজি চাউল দেন।

একই ভাবে সোনাপুর গ্রামের ভ্যান চালক হাসান আলীর মা জানান, আমার ছেলে ভ্যান চালায়। কিন্তু আমার ছেলেকে মেম্বার কিছুই দেয়নি।
একই জায়গার কালুর স্ত্রী শিল্পী খাতুন জানান, আমার স্বামী করিমন চালায়। করোনার কারণে করিমন চালাতে দেয়না। অনেকদিন ধরে বসে আছি, কিন্তু করিমন চালকদের সাহায্য করলেও মেম্বার আমাদের কোন সাহায্য করেনি।

নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন নেতাকর্মীরা জনান, মেম্বার সাহেব তার নিজের ইচ্ছে ও কাছের লোকদের বিভিন্ন সুবিধা দিচ্ছে। কে বড়লোক আর কে গরীব সেটা দেখছে না। তালিকা তৈরি করার সময় কোন নেতাকর্মীকে জানাচ্ছে না।

ইউপি সদস্য সোহরাব হোসেনের কাছে স্বজন প্রীতির কথা জানতে চাওয়া হলে তিনি স্বীকার করে বলেন, প্রথমে ভুল করে এমনটা হয়েছিলো, তবে পুনরায় কিছু লোক বাদ দিয়ে নতুন করে তালিকা তৈরি করা হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি বলেন, নামের তালিকা অনুযায়ী

প্রতিটা গ্রামে তদন্ত করা হচ্ছে। যদি স্বচ্ছল ব্যক্তির রেশনের তালিকায় নাম থেকে থাকে তাহলে তাদের নাম কেটে দেওয়া হবে। তাছাড়া আমার উপজেলায় কোন ধরনের স্বজনপ্রীতি চলবে না।